দৈনিক ইনকিলাব

তারিখ 0 1 OCT 1992 ... ...
পৃষ্ঠা... ৫ ...কলাম... ৬ ...

৭

118

## শিক্ষাঙ্গন

### ছাত্রী সন্ত্রাসের অন্তরালে

এই প্রথম দেশে ছাত্রীদের দ্বারা সন্ত্রাস সংঘটিত হলো। আর এমন এক শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীরা সন্ত্রাস সৃষ্টি করলেন যার নাম ইডেন গার্লস কলেজ।

যে ইডেনের পবিত্রতা ও সুন্দর শিক্ষাদানের খ্যাতি সারা দেশ জুড়ে। সেই পবিত্র শিক্ষাঙ্গনকে কলুষিত করলেন নিরীহ ছাত্রদের ওপর নারকীয় সন্ত্রাস চালিয়ে নির্মূল কমিটির সমর্থনপুষ্ট ছাত্র লীগের মেয়েরা।

আর এ থেকেই নির্মূল কমিটির আসল উদ্দেশ্য দেশবাসীর নিকট পরিষ্কার হয়ে গেছে।

নির্মূল কমিটির উৎসাহ এবং মদদে যে দারুণ কাজ হয়েছে তার সুস্পষ্ট প্রমাণ ইডেন কলেজে সম্প্রতি ছাত্রীদের দ্বারা সংঘটিত সন্ত্রাস।

আমরা অবাক দৃষ্টিতে লক্ষ্য করছি যে, দেশের বিচার ব্যবথা ও সার্বভৌমত্ব পুরোপুরি ক্ষুণ্ণ করার চক্রান্তে লিপ্ত নির্মূল কমিটির সংগে সরকার একটার পর একটা বিষয়ে আপোষ করে চলছে। যা দেশের ধর্মপ্রাণ শান্তিপ্রিয় জনতার কাম্য নয়। সরকারের নিকট আমাদের অনুরোধ, '৭১ ঘাতক দালাল নির্মূল কমিটিসহ যে সমস্ত সংগঠন দেশের স্থীতিশীলতা নষ্ট করার চক্রান্তে লিপ্ত তাদের সবগুলোর কার্যক্রম আইন করে বন্ধ করে দিন।

পরিশেষে সালাম জানাই ঐ বিচক্ষণা বিদূষী ইডেন কলেজের অধ্যক্ষা জাহানারা বেগমকে যিনি কলেজের শিক্ষার সুস্থ পরিবেশ বজায় রাখতে সংকল্পবদ্ধ।

—মোহাম্মদ আল-আমীন (ফ্রাজী)।